

📃 আল-কলম | Al-Qalam | ٱلْقَلَم

আয়াতঃ ৬৮: ২৫

💵 আরবি মূল আয়াত:

وَّ غَدُوا عَلَى حَردٍ قُدرِينَ ﴿٢٥﴾

আর তারা ভোর বেলা দৃঢ় ইচ্ছা শক্তি নিয়ে সক্ষম অবস্থায় (বাগানে) গেল। — আল-বায়ান তারা এক (অন্যায়) সিদ্ধান্তে সংকল্পবদ্ধ হয়ে সকাল করল। — তাইসিরুল

অতঃপর তারা নিবৃত্ত করতে সক্ষম - এই বিশ্বাস নিয়ে প্রভাতকালে বাগানে যাত্রা করল। — মুজিবুর রহমান

And they went early in determination, [assuming themselves] able. — Sahih International

২৫. আর তারা নিবৃত্ত করতে সক্ষম—এ বিশ্বাস নিয়ে বাগানে যাত্রা করল।

তাফসীরে জাকারিয়া

(২৫) অতঃপর তারা (অভাবীদেরকে) নিবৃত্ত করতে সক্ষম --এই বিশ্বাস নিয়ে প্রভাতকালে বাগানে গেল।
[1]

عَرْدٍ শব্দের একটি অর্থ শক্তি ও কঠোরতা করা হয়েছে। কেউ কেউ এর অর্থ করেছে, রাগ ও হিংসা। অর্থাৎ, ফকীর ও মিসকীনদের প্রতি ক্রোধ অথবা হিংসা প্রকাশ করে। قَادِرِيْنَ শব্দটি হাল (ক্রিয়া-বিশেষণ)। অর্থাৎ, নিজেদের ব্যাপারে তারা অনুমান করে নিয়েছিল অথবা তাদের ধারণা ছিল যে, নিজেদের বাগানকে তারা আয়াত্তে করে নিয়েছে অথবা অর্থ হল, মিসকীনদেরকে তারা নিজেদের কাবুতে করতে সক্ষম।

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5296

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন